

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রাণিসম্পদ দপ্তর

গাজীপুর।

www.dls.gazipur.gov.bd

স্মারকনং- ৩৩.০১.৩৩০০.০০০.০০২.২৩-১০

তারিখ: ০৪/০১/২০২৪খ্রিঃ।

প্রাপক:

ম্যানেজার .....

গাজীপুর।

**বিষয়: পোশ্টি ও ডেইরি ফিডে এন্টিবায়োটিক, স্টেরয়েড, গ্রোথপ্রোমোটর ও ভারীধাতু এবং আফলাটক্সিন সহনীয় মাত্রায় রাখা ও নিয়মিত Feed Sample এর নমুনা পরীক্ষাকরণ প্রসংগে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক কয়েকটি ফিড মিল ও দোকান থেকে নমুনা সংগ্রহপূর্বক পরীক্ষা করে Feed Sample এ সহনীয় মাত্রার চেয়ে বেশী ভারীধাতুর উপস্থিতি প্রমান পেয়েছেন। উল্লেখ থাকে যে, উক্ত বিষয়টি গাজীপুর জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয় এর সমন্বয় সভায় আলোচনা হয় এবং জেলা প্রশাসক মহোদয় উক্ত বিষয় গুলির সাথে সম্পৃক্ত সকলকে ফিডের গুণগতমান বজায় রাখার জন্য নির্দেশ প্রদান করেন।

মৎস্য ও পশুখাদ্য আইন ২০১০ এর ধারা ১০(২) ও ১৪(১) অনুযায়ী পশুখাদ্যে এন্টিবায়োটিক, স্টেরয়েড, গ্রোথপ্রোমোটর ও ভারীধাতুসহ অন্যান্য ক্ষতিকারক রাসায়নিক ব্যবহার করা নিষেধ করা হয়েছে।

এমতাবস্থায় উপরোক্ত উপাদান সমূহ সহনীয় মাত্রায় রেখে খাদ্যের মান নিয়ন্ত্রনের লক্ষ্যে আপনার Feed mill এর Feed Sample সঠিক পদ্ধতিতে ও নিয়মে QC Lab, প্রাণিসম্পদ অধিদপ্তর, সাভার, ঢাকায় প্রেরণ করে নমুনা পরীক্ষার প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণপূর্বক আপনার অফিসে সংরক্ষণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



(ডা.নারগিস খানম)

জেলা প্রাণিসম্পদ অফিসার

গাজীপুর


email: gazipurdlo@gmail.com

স্মারকনং- ৩৩.০১.৩৩০০.০০০.০০২.২৩-১০(১০)

তারিখ: ০৪/০১/২০২৪খ্রিঃ।

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। নিরাপদ খাদ্য অফিসার, গাজীপুর।
- ৫-৯। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাজীপুর সদর/কালিয়াকৈর/শ্রীপুর/কাপাসিয়া/কালীগঞ্জ, গাজীপুর। উক্ত কাজ গুলে নিয়মিতভাবে তদারকি করতে বলা হলো।
- ১০। অফিস কপি।



(ডা.নারগিস খানম)

জেলা প্রাণিসম্পদ অফিসার

গাজীপুর।

